# গুগল ম্যাপে দাগগুচ্ছের অবস্থান নির্দিষ্টকরণ

মুশফিকুর রহমান পারভেজ

উপপরিচালক (ভারপ্রাপ্ত)

জেলা পরিসংখ্যান অফিস, শেরপুর

# দাগগুচ্ছ সম্পর্কিত ধারণা

দাগগুচ্ছ সাধারনত কয়েকটি পরস্পর সন্নিহিত দাগের সমষ্টি। বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর দাগগুচ্ছসমূহে গড় জমির পরিমান ৫ একর।

দাগ বলতে বাংলাদেশ ভূমি রেকর্ড ও জরিপ বিভাগ কর্তৃক পরিচালিত ক্ষেত্রে Cadastral Survey দ্বারা প্রস্তুতকৃত মৌজাম্যাপে দেখান্নো চৌহদ্দি বিশিষ্ট ভূখন্ডকে বুঝায়।

# দাগগুচ্ছ সম্পর্কিত ধারণা

কৃষি পরিসংখ্যান বিষয়ক তথ্য সংগ্রহের জন্য বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর ১০৩৪৮ টি দাগগুচ্ছ রয়েছে। দেশের প্রধান ফসল যথা- ধান, গম, পাট ও আলু ফসলের প্রতি বছরে চাষাধীন জমির হিসাব বস্তুনিষ্ঠভাবে করার জন্য বছরে ৪ বার নমুনা দাগগুচ্ছে জরিপ পরিচালনা করা হয়। দাগগুচ্ছের অবস্থান চিহ্নিতকরণের সমস্যাজনিত কারণে সঠিক তথ্য সংগ্রহ কার্যক্রম ব্যাহত হয়।

# দাগগুচ্ছ জরিপ তথ্য সংগ্রহের সময়কাল

| | |
|---|---|
| ১ম পর্ব দাগগুচ্ছ জরিপ | ৫-২০ জানুয়ারি |
| ২য় পর্ব দাগগুচ্ছ জরিপ | ৩-২০ মার্চ |
| ৩য় পর্ব দাগগুচ্ছ জরিপ | ২১ মে-৪ জুন |
| ৪র্থ পর্ব দাগগুচ্ছ জরিপ | ২১ সেপ্টেম্বর-৫ অক্টোবর |

# প্রধান ফসলের আবাদ সংক্রান্ত তথ্য

| | |
|---|---|
| ১ম পর্ব দাগগুচ্ছ জরিপ | আলু, গম |
| ২য় পর্ব দাগগুচ্ছ জরিপ | বোরো |
| ৩য় পর্ব দাগগুচ্ছ জরিপ | আউশ, পাট |
| ৪র্থ পর্ব দাগগুচ্ছ জরিপ | আমন |

# জমির আয়তন নিরুপন

জেলায় সংশ্লিষ্ট ফসলের জমির পরিমান = b/a (জেলার ইফেক্টিভ এরিয়া)

এখানে,

b= দাগগুচ্ছগুলোতে সংশ্লিষ্ট ফসলের অধীন মোট জমির পরিমান

a= জেলায় সব দাগগুচ্ছের অধীন মোট জমির পরমিান

জেলার ইফেক্টিভ এরিয়া= (জেলার মোট আয়তন - নদনদী, বৃহৎরাস্তা-ঘাট, শহর, সংরক্ষিত সরকারি বনভূমি প্রভৃতির আয়তন)

# যে সমস্যাটি সমাধান করতে চাই

কর্মকর্তা ও কর্মচারীদের দাগগুচ্ছ সনাক্তকরণ সমস্যা

# সমস্যার মূল কারণ

- পুরাতন কর্মকর্তা ও কর্মচারীদের অবসর/বদলী
- দাগগুচ্ছের লোকশন তথ্য সংগ্রহকারীর নিকট অসুবিধাজনক মনে হওয়া
- দাগগুচ্ছ চিহ্নিতকরণ/হালনাগাদ সংক্রান্ত প্রশিক্ষণের অভাব


# ভুক্তভোগী জনগোষ্ঠী

- বিবিএস এর কর্মকর্তা/কর্মচারী
- ডিএই এর কর্মকর্তা/কর্মচারী

# সমাধান

এন্ড্রয়েড মোবাইল ব্যবহার করে গুগল ম্যাপে দাগগুচ্ছের অবস্থান নির্দিষ্টকরণ

# গুগল ম্যাপে দাগগুচ্ছের অবস্থান নির্দিষ্টকরণের ধাপসমূহ



# প্রত্যাশিত ফলাফল

- সহজে দাগগুচ্ছ চিহ্নিত করা যাবে
- প্রধান ফসলসমূহের হিসাব প্রাক্কলণ সঠিকভাবে করা যাবে
- জিপিএস লোকেশনে দাগগুচ্ছগুলো দেখা যাবে
- একটি দাগগুচ্ছ হতে আর একটি দাগগুচ্ছের দুরত্ব কত, প্রতিটি দাগগুচ্ছে জমির পরিমান প্রভৃতি জানা যাবে
- জেলা ও উপজেলা হতে সরবরাকৃত তথ্যের গুনগতমান বৃদ্ধি পাবে

# পরিমাপ

- জেলা/উপজেলা/বিভাগীয় কর্মকর্তা/কর্মচারীদের পরিদর্শনের মাধ্যমে
- মাঠ পর্যায়ের কর্মকর্তা ও কর্মচারীদের মতামত নেয়া

# উপসংহার

গুগলম্যাপে দাগগুচ্ছের অবস্থান চিহ্নিত করা গেলে সঠিক স্থান হতে সঠিক তথ্য সংগ্রহ করা যাবে, সহজে পরিদর্শন করে সংগৃহীত তথ্য যাচাই করা যাবে সর্বোপরি গুণগত  মানসম্পন্ন তথ্য প্রাপ্তি নিশ্চিত হবে।